Times Today BD

তৌহিতুল ইসলাম | চউগ্রাম | 10 April, 2025

চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়ক ছয় লেনে উন্নীত করার দাবিতে ১১ জনের পদযাত্রা ও গণস্বাক্ষর কর্মসূচি কক্সবাজারে সমাপ্ত

চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়ক ছয় লেনে উন্নীত করার দাবিতে চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত পদযাত্রা ও গণস্বাক্ষর কর্মসূচি পালন করেছে ১১ জন আন্দোলনকারী।

'আমরা ১১ জন (নিহত)' এর ব্যানারে কাফনের কাপড় পড়ে চউগ্রাম প্রেসক্লাব থেকে রওয়ানা হন বুধবার সকালে।এ দল কক্সবাজার জেলা প্রশাসক কার্যালয়ের সামনে পৌঁছে বৃহস্পতিবার তুপুর সাড়ে ১২ টার দিকে।

সেখানে সংক্ষিপ্ত সমাবেশ করে তারা।পরে প্রধান উপদেষ্টার বরাবরে ৬ দফা দাবি সম্বলিত একটি স্মারকলিপি তারা কক্সবাজারের জেলা প্রশাসক মুহাম্মদ সালাহউদ্দিনের হাতে দেন।

আন্দালনকারিদের প্রধান সমন্বয়ক সৌরভ প্রিয় পাল জানান, গত ১ এপ্রিল চউগ্রামের লোহাগাড়ায় সড়ক দূর্ঘটনায় নিহত ১১ জনের অবয়ব ধারণ করে তারা কক্সবাজার অভিমূখে পদযাত্রা শুরু করেছিলেন। যাত্রাপথে তারা দক্ষিণ চউগ্রামের বিভিন্ন উপজেলায় মানববন্ধন ও গণসাক্ষর কর্মসূচি পালন করেন।

তিনি জানান, এই সড়কটি দ্রুত ছয় লেনে উন্নীত করতে হবে। অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টার বাড়ি চট্টগ্রামে সুতরাং গুরুত্ব বিবেচনায় এই সড়কটি ছয় লেনে রূপান্তর করতে তিনি উদ্যোগ নেবেন এই আশা করেন তারা।এছাড়া এই সড়ক দিয়ে কক্সবাজার থেকে পরিবহন করা লবন গাড়ি চলাচল বন্ধের দাবিও জানান তারা।

চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের লোহাগাড়া অংশে ঈতুল ফিতরের প্রথম তিনদিনে পৃথক সড়ক তুর্ঘটনায় ১৭ জন প্রাণ হারিয়েছেন।আহত হয়েছেন ৩০ জনেরও বেশি।

চউগ্রাম-কক্সবাজার মহাসড়ক ছয় লেন গণস্বাক্ষর ,পদযাত্রা

URL: https://www.timestodaybd.com/chittagong/577711238